

জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম এর আওতায় ডাকঘর সঞ্চয় ব্যাংক এর অটোমেশন

সম্পর্কে কতিপয় সাধারণ জ্ঞাতব্য:

- » ডাকঘর সঞ্চয় ব্যাংক সাধারণ হিসাব এর অটোমেশন কার্যক্রম আগামী ১লা জুন ২০২১ খ্রিঃ তারিখ হতে সারাদেশে একযোগে চালু করা হবে। উক্ত তারিখের পর ম্যানুয়াল পদ্ধতিতে নতুন কোন হিসাব খোলা যাবে না;
- » ৩১ মে ২০২১ পর্যন্ত ম্যানুয়াল পদ্ধতিতে খোলা হিসাবগুলোর ক্ষেত্রে নতুন করে কোন জমা গ্রহণ করা যাবে না। গ্রাহক ১ জুন ২০২১ তারিখের পর ম্যানুয়াল পদ্ধতিতে খোলা হিসাবে টাকা জমা দিতে চাইলে বিদ্যমান হিসাবটি বন্ধ করে অনলাইনে নতুন হিসাব খুলে পূর্বের ব্যালান্সসহ (গ্রাহকের সম্মতির আলোকে) নতুন জমার কার্যক্রম গ্রহণ করতে হবে। গ্রাহক নতুন অনলাইন হিসাব খুলতে সম্মত না হলে হিসাবটি বন্ধ করে তার পাওনা বুঝিয়ে দিতে হবে;
- » পুরাতন হিসাবের সুদ calculate করার জন্য সিস্টেম এ একটি Calculator দেয়া হয়েছে;
- » অনলাইন সিস্টেম এ Parallel বিদ্যমান পাসবই থাকবে। পাসবই এ Online Generated হিসাব নম্বর লিপিবদ্ধ করতে হবে। নতুন হিসাব এর সকল লেনদেন অনলাইন এ সম্পন্ন করার পর পাসবই এ এন্ট্রি করতে হবে;
- » প্রাথমিক জমা (হিসাব খোলার সময়) আবশ্যিকভাবে নগদ (Cash) এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। সিস্টেম এ এক দিনে একাধিক Deposit করা যাবে;
- » হিসাব খোলার সময় গ্রাহক তাঁর মোবাইল নম্বরে SMS পাবেন;
- » বাস্তবায়নকারী দপ্তরসমূহকে সহায়তা প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয়ের SPFMS কার্যালয়ে একটি Dedicated Help Desk Team থাকবে, যা ইতোমধ্যে গঠন করা হয়েছে (সংযুক্ত);
- » ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদি হিসাব এর অটোমেশন কার্যক্রম আগামী ১লা জুলাই ২০২১ খ্রি. তারিখ হতে চালু করা হবে;
- » ডাকঘর সঞ্চয় ব্যাংক সাধারণ হিসাব ও মেয়াদি হিসাব এর জন্য একই ইউজার হতে পারে;
- » মেয়াদি ও সাধারণ হিসাব এক বা উভয় স্কিমে এক অর্থবছরে সর্বোচ্চ ২ (দুই) লক্ষ টাকা নগদ (Cash) এর মাধ্যমে জমা প্রদান করা যাবে, এর অতিরিক্ত অর্থ ব্যাংক চেক এর মাধ্যমে জমা করতে হবে এবং গ্রাহকের TIN সনদের প্রয়োজন হবে;
- » User ID ও Password কারো সাথে শেয়ার করা যাবে না;
- » User ID তৈরী করার সময়ে দাপ্তরিক মোবাইল নম্বরের পরিবর্তে ব্যক্তিগত মোবাইল নাম্বার ব্যবহার করতে হবে। এতে ভুলে যাওয়া ইউজার আইডি/পাসওয়ার্ড পুনরুদ্ধার করা সম্ভব হবে;
- » এক অফিস থেকে বদলী হয়ে অন্য অফিসে যোগদান করলে সেই ইউজার আইডি আগের অফিসের লেনদেন করা যাবে না। ইউজার আইডি দু ট্রান্সফার করে নিতে হবে;
- » লগইন থাকা অবস্থায় কম্পিউটার ত্যাগ করার পূর্বে লগআউট করা বাঞ্ছনীয়;
- » কৌতুহলবশত অপ্রয়োজনে সিস্টেমে কোন কিছু এন্ট্রি করা যাবে না;
- » ট্রেনিং URL এ গিয়ে সবসময় প্র্যাকটিস করা যাবে কিন্তু লাইভ URL এ গিয়ে কোনরূপ প্র্যাকটিস করা যাবেনা;
- » সিস্টেমে লাল তারকা চিহ্নিত সকল তথ্য বাধ্যতামূলকভাবে লিপিবদ্ধ করতে হবে। সিস্টেম থেকে লাল তারকা চিহ্নিত যেসকল তথ্য আসবে তা কোনরূপ এডিট করা যাবেনা;

ডাকঘর সঞ্চয় ব্যাংক অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম-এ হেল্প ডেস্ক সহায়তাকারী কর্মকর্তাদের দায়িত্ব বন্টনঃ

দায়িত্বাধীন কার্যালয়	কর্মকর্তাদের নাম ও পদবি	মোবাইল নম্বর	বিকল্প কর্মকর্তাদের নাম ও পদবি	মোবাইল নম্বর
পিএমজি, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা	জনাব মোছাঃ কানন আখতার জুনিয়র কনসালটেন্ট (আইটি)	০১৭৪৯৮৯৮৫২০	জনাব মোঃ তানভীর হাসান জুনিয়র কনসালটেন্ট (আইটি)	০১৫১১১৩৪৭৯৭
পিএমজি, মেট্রো সার্কেল, ঢাকা	জনাব মেহেদী হাসান জুনিয়র কনসালটেন্ট (আইটি)	০১৭৯৭৮৪২৭২৬	জনাব জান্নাতুল মাওয়া জুনিয়র কনসালটেন্ট (এডমিন)	০১৮৮৯২৪৮৭৭৬
পিএমজি, উত্তরাঞ্চল, রাজশাহী	জনাব মোঃ আবদুল্লাহ জুনিয়র কনসালটেন্ট (এক্সিকিউটিভ)	০১৪০১৫৮০৪৩২	জনাব সাজ্জাদ হোসেন জুনিয়র কনসালটেন্ট (আইটি)	০১৮২০৮০৬১৩৫
পিএমজি, দক্ষিণ অঞ্চল, খুলনা	জনাব মোঃ রুবায়েত আক্তার জুনিয়র কনসালটেন্ট (আইটি)	০১৮২৫৫১৪৩২২	জনাব সাইফুল আলম খান জুনিয়র কনসালটেন্ট (আইটি)	০১৪০০৭৪৮৮৫৫
পিএমজি, পূর্বাঞ্চল, চট্টগ্রাম	জনাব আব্বাস আলম জুনিয়র কনসালটেন্ট (এক্সিকিউটিভ)	০১৯১১০০৫৩৩৪	জনাব হেদায়েত মোঃ বুলবুল জুনিয়র কনসালটেন্ট (এডমিন)	০১৮৪৪৫৮৫১৮৬